



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, এফ-১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা
[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড অ্যাডভান্স রুলিং শাখা]

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৫৪.০৩.০০০২.২৫.১০৭

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: আমদানিভ্য LCD-TFT Display Module for Computer LED Monitor নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম
রুলিং।

সূত্র: Avantis Tech Industries এর ১১/০৮/২০২৫ খ্রিঃ তারিখের আবেদন।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং-৩৯/২০২৫

Avantis Tech Industries নামক প্রতিষ্ঠান কর্তৃক LCD-TFT Display Module for Computer LED Monitor নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরমে আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম ও BIN	Avantis Tech Industries (007203961-0206)
আবেদনকারীর ঠিকানা	86, Sunrise Bhaban (Kudrat-E-Khuda Road), New Elephant Road, Dhanmondi, Dhaka-1205.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	LCD-TFT Display Module for Computer LED Monitor
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	SKD/Piece
উৎস দেশ (কান্ডি অব অরিজিন)	China
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	8529.90.29

০২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিভ্য পণ্যের বিবরণ

LCD-TFT Display Module for Computer LED Monitor নামীয় পণ্যটি SKD প্রকৃতিতে আমদানি করা হবে।

০৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তি

আমদানিকারক Avantis Tech Industries কর্তৃক LCD-TFT Display Module for Computer LED Monitor ঘোষণায় পণ্য আমদানির লক্ষ্যে এইচ.এস.কোড প্রস্তাব করা হয়েছে 8529.90.29। পণ্যের নমুনা এবং আবেদন ফরম অনুযায়ী পণ্যের ব্র্যান্ড/মডেল নম্বর: HSD190MGW1-A04, পণ্যের গঠন- Glass, Printed Circuit Board (PCB), পণ্যের কারিগরিক বর্ণনায় পণ্যটি LCD-TFT display module for computer LED monitor (17", 19", 22") উল্লেখ রয়েছে।

আমদানিভ্য পণ্যটিতে শুধু frame বাদে একটি Complete মনিটরের Essential character থাকায় তা Heading 85.28 এর অন্তর্ভুক্ত।

এ প্রসঙ্গে Explanatory Notes এর Heading 85.28 এ উল্লেখ রয়েছে:

Monitors and projectors, not incorporating television reception apparatus; reception apparatus for television, whether or not incorporating radio-broadcast receivers or sound or video recording or reproducing apparatus.

This heading includes:

.....

(3) Apparatus for the reception of television signals, without display capabilities (e.g., receivers of satellite television broadcasts).

Monitors, projectors and television sets utilize different technologies, such as CRT (cathode-ray tube), LCD (liquid crystal display), DMD (digital micromirror device), OLED (organic light-emitting diodes) and plasma, to display images.

Monitors and projectors may be capable of receiving a variety of signals from different sources. However, if they incorporate a television tuner they are considered to be reception apparatus for television.


বর্ণিত প্রেক্ষাপটে, Bangladesh Customs Tariff (BCT) ও Explanatory Notes এর ব্যাখ্যা এবং GRI Rule 1 & 6 অনুযায়ী আমদানি তথ্য LCD-TFT Display Module for Computer LED নামীয় পণ্যটি H.S. Code 8528.59.00 এ শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০২৫ এর বিধি-৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

০৪। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:** এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ৩৬ (ছত্রিশ) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

০৫। **আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:**

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানি তথ্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশন ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সনাক্ত করে উল্লেখ করতে হবে।



০৭-১২-২০২৫

তানভীর আহমেদ

দ্বিতীয় সচিব (কাস্টমস ক্লাসিফিকেশন এন্ড
অ্যাডভান্স রুলিং) ও সদস্য সচিব, অগ্রিম রুলিং
ইউনিট

কমিশনার অব কাস্টমস

কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি (কমলাপুর)/পানগাঁও/মোংলা।

স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৫৪.০৩.০০০২.২৫.১০৭/১ (৮)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/(আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
- ২। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৫। সিস্টেম ম্যানেজার, আইসিডি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। প্রথম সচিব, কাস্টমস নীতি ও বাজেট অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭। দ্বিতীয় সচিব, কাস্টমস নীতি ও বাজেট শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮। Proprietor, Avantis Tech Industries, 86, Sunrise Bhaban (Kudrat-E-Khuda Road), New Elephant

Road, Dhanmondi, Dhaka-1205।



A handwritten signature in Bengali script, written in black ink on a light gray background.

০৭-১২-২০২৫

তানভীর আহমেদ

দ্বিতীয় সচিব